

## উন্মুক্ত ভার্টিসিটিতে ৪৫ হাজার শিক্ষার্থী ভর্তি হয়েছে

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রকল্পের ওপর শনিবার ঢাকার নায়েমে এক মধ্যমেয়াদী পর্যালোচনা সেমিনার অনুষ্ঠিত হয়।

জাতীয় অধ্যাপক এম আর খান এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদসহ শিক্ষা মন্ত্রণালয়, এশীয় উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্মকর্তা ও শিক্ষকসহ ৩০ জন প্রতিনিধি এই সেমিনারে অংশ গ্রহণ করেন।

এশীয় উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে  
(৫-এর পৃঃ ৫৪)



## উন্মুক্ত ভার্টিসিটিতে ৪৫ হাজার শিক্ষার্থী

(প্রথম পৃষ্ঠার পর) আয়োজিত এই সেমিনারে সভাপতিত্ব করেন এশীয় উন্নয়ন ব্যাংকের উর্ধ্বতন শিক্ষা বিশেষজ্ঞ মিঃ আইউমি কনিশি ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বোর্ড অব গভর্নরস-এর অন্যতম সদস্য জনাব আজিজুল হক। খবর বিজ্ঞপ্তির।

সেমিনারের উদ্বোধনী অধিবেশনে শিক্ষা সচিব জনাব মোঃ ইরশাদুল হক বক্তব্য রাখেন। তিনি শিক্ষার মান উন্নত রেখে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা অনুষ্ঠানের ব্যাপক বিস্তারের ওপর জোর দেন। তিনি বলেন, অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের তুলনায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিপুল সংখ্যক শিক্ষার্থীকে শিক্ষার সুযোগ দিতে সমর্থ। তবে শিক্ষার ব্যয় সাধারণ শিক্ষার্থীদের ক্ষমতার মধ্যে রাখতে হবে, যাতে সকল শ্রেণীর শিক্ষার্থী শিক্ষার সুযোগ গ্রহণ করতে পারে।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রকল্পের বাস্তবায়ন ও উন্নয়ন সম্বন্ধে বক্তব্য রেখে ভাইস চ্যান্সেলর ডঃ এম. শমশের আলী বলেন, শিক্ষাক্ষেত্রে এই প্রতিষ্ঠান উল্লেখযোগ্য পদক্ষেপ নিয়েছে। বি.এড ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট, সার্টিফিকেট ইন ম্যানেজমেন্ট, ইংলিশ ল্যাংগুয়েজ প্রফিসিয়েন্সী ও এসএসসি প্রোগ্রাম চালু করে প্রচলিত শিক্ষা ব্যবস্থার সুযোগ থেকে বঞ্চিত বিপুল সংখ্যক শিক্ষার্থীকে শিক্ষার সুযোগ করে দিয়েছে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন প্রোগ্রামে এ পর্যন্ত প্রায় ৪৫ হাজার শিক্ষার্থী ভর্তি হয়েছে।

অন্যান্যের মধ্যে সেমিনারে বক্তব্য রাখেন উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের জীন অধ্যাপক মুঃ আনওয়ার আলী, ডঃ শিরীন হক, অধ্যাপক শামসুল কবীর, ডঃ এ কে এনামুল হক এবং পরিচালক জনাব মুঃ ফজলুর রহমান, জনাব মোঃ রেজা-

উল হক, জনাব কে জি এম ফারুকী, জনাব মোঃ জহরুল ইসলাম ও সৈয়দ লুৎফ আলি।

এশীয় উন্নয়ন ব্যাংকের স্থানীয় প্রতিনিধি সিগেকো এম আশেরসহ এশীয় উন্নয়ন ব্যাংকের অন্যান্য কর্মকর্তা ও আলোচনায় অংশগ্রহণ করেন। বক্তাগণ বিশেষ করে এশীয় উন্নয়ন ব্যাংকের প্রতিনিধিরা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও অন্যান্য কার্যক্রমের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন।